

স্কুলে যৌন হয়রানির জন্য কে দায়ী হবে?

ব্যক্তিগত দায়

এসডিওর অধীনে, শিক্ষার্থী, স্টাফ এবং সেবা প্রদানকারী ব্যক্তির তাদের যৌন হয়রানিমূলক কাজের জন্য ব্যক্তিগতভাবে দায়ী থাকবে।

অন্যের দায়

ব্যক্তিগতভাবে কোন শিক্ষার্থী / স্টাফ / সেবা প্রদানকারী ব্যক্তি আরও দায়ী হতে পারে, যদি:

- কাউকে যৌন হয়রানি করার জন্য আরেক ব্যক্তিকে চাপ দেয়;
- কাউকে যৌন হয়রানি করার জন্য আরেক ব্যক্তিকে নির্দেশ দেয়; অথবা
- জেনেশুনে যৌন হয়রানি করতে অন্য ব্যক্তিকে সাহায্য করে (যেমন: অশ্লীল কৌতুক করার সময় অন্য ব্যক্তির সাথে যোগ দেয়)

যৌন হয়রানিতে সাহায্যতা

যৌন হয়রানি থেকে বিদ্যালয়গুলো মুক্ত রাখতে হলে বিদ্যালয় এবং সেবা প্রদানকারীদেরকে অবশ্যই "যুক্তিসঙ্গত প্রয়োগযোগ্য পদক্ষেপ" নিতে হবে; অন্যথায়, গকুরিকালিন স্টাফদের আইনগতভাবে গ্রহণযোগ্য নয় এমন সব কাজের অন্যের দায়ভার বিদ্যালয় বা সেবা প্রদানকারীদেরকে নিতে হবে, যদিও বিদ্যালয় এবং সেবা প্রদানকারীরা হয়ত যৌন হয়রানির ঘটনাগুলো সম্পর্কে জানে না বা অনুমোদন করেনি।

একজন শিক্ষার্থী যৌন হয়রানির শিকার হলে তার কী করা উচিত?

১. শক্তকরে "না" বলবে। নিরাপদ অবস্থানে থাকাসাপেক্ষে, হয়রানকারীকে বলবে যে তার আচরণটি অযাচিত এবং তা বন্ধ করতে।
২. হয়রানকারী থেকে পালিয়ে নিরাপদ স্থানে বা বেশি লোকের মাঝে চলে যাবে।
৩. বিশ্বাস কর এমন কাউকে যেমন: তোমার শিক্ষক / পিতা-মাতা / সমাজকর্মী / এনজিও কর্মীকে বলবে, এবং সহায়তা এবং পরামর্শ চাইবে। কোনভাবেই নিজের মাঝে লুকিয়ে রাখবে না।

পিতা-মাতা হিসেবে আপনার কী করা উচিত যখন আপনার শিশু আপনাকে বলবে যে সে যৌন হয়রানির শিকার হয়েছিল?

১. মনোযোগ সহকারে শুনুন এবং তার প্রতি আস্থা রাখুন। বাচ্চাকে আশ্বাস দিন যে আপনি এটি বন্ধ করতে প্রয়োজনীয় পদক্ষেপ নিবেন।
২. শান্ত থাকুন এবং আপনার শিশুকে তারিখ, সময়, অবস্থান এবং সাক্ষী(দের) নামসহ ঘটনার বিবরণ দিতে বলুন।
৩. বিদ্যালয়ের অধ্যক্ষ, দায়িত্বপ্রাপ্ত শিক্ষক বা সংশ্লিষ্ট সেবা প্রদানকারীর দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির কাছে একটি আনুষ্ঠানিক অভিযোগ দায়ের করুন। প্রয়োজন হলে কমিউনিটি নেতাদের / এনজিও / সমাজকর্মীদের সাহায্য নিন।
৪. আপনার সন্তানের পক্ষে সমান সুযোগ কমিশন (ইওসি) এর কাছে অভিযোগ দায়ের করুন। আপনি আমাদের ফোন করতে পারেন ২৫১১ ৮২১১ নম্বরে।
৫. আপনি যদি এই ঘটনায় কোনও অপরাধমূলক ব্যাপার (যেমন: অশ্লীল লাঞ্ছনা) সন্দেহ করে থাকেন তবে পুলিশে রিপোর্ট করুন।

যৌন হয়রানি এবং বৈষম্য বিরোধী অধ্যাদেশগুলোর অধীনে আপনার অধিকার সম্পর্কিত আরও তথ্যের প্রয়োজন হলে দয়া করে যোগাযোগ করুন:

Equal Opportunities Commission

16/F, 41 Heung Yip Road, Wong Chuk Hang, Hong Kong

হটলাইন: ২৫১১ ৮২১১

ইমেইল: eoc@eoc.org.hk

ওয়েবসাইট: www.eoc.org.hk

SMS অনুসন্ধান সেবা: ৬৯৭২৫৬৬১৬৫৩৮

(যাদের শুনতে এবং কথা বলতে সমস্যা হয় তাদের জন্য)

অফিস সময়: সোমবার থেকে শুক্রবার সকাল ৮:৪৫ থেকে বিকেল ৫:৪৫ পর্যন্ত

যৌন হয়রানির বিরুদ্ধে কথা বলি

আমাদের বাচ্চাদের জন্য একটি নিরাপদ পরিবেশ তৈরি করি



যৌন হয়রানি যে কারও জন্য মারাত্মক পরিণতির কারণ হতে পারে। বিশেষ করে বাচ্চাদের ক্ষেত্রে, এর প্রভাব গুরুতর হতে পারে। এটি তাদের কার্যকর শিখন ও বিদ্যালয়ে কর্মক্ষমতাই শুধু নয় সাধারণ বৃদ্ধি এবং বিকাশ, এবং সামাজিক আচরণকেও বাধাগ্রস্ত করতে পারে। এটি কোনও ব্যক্তির শারীরিক এবং মানসিক স্বাস্থ্যের জন্য দীর্ঘস্থায়ী ক্ষতির কারণ হতে পারে।

এসডিওর অধীনে, বিপরীত লিঙ্গের এবং সম লিঙ্গের যে কোনও ব্যক্তিকে যৌন হয়রানি করা বেআইনী। যৌন হয়রানির হাত থেকে শিশুদেরকে সুরক্ষাকারী এই আইনটি স্কুল, টিউটোরিয়াল সেন্টার, কিন্ডারগার্টেন, এবং অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠান ও নার্সারির ক্ষেত্রে প্রযোজ্য। আইনটি বিদ্যালয়ের অন্যান্য সহায়ক সেবা, যেমন: স্কুল বাস, শিক্ষার্থী ক্যান্টিন বা ক্যাফেটেরিয়া, স্পোর্টস কোর্চিং ইত্যাদির ক্ষেত্রেও প্রযোজ্য। শিশু যত্ন কেন্দ্রগুলো সেবা প্রদানকারী সংস্থা হিসেবে বিবেচিত হতে পারে এবং এসডিওর অধীনে যৌন হয়রানির বিরুদ্ধে সুরক্ষাগুলো এখানেও প্রযোজ্য হবে।

দ্রষ্টব্য: যদি কোনও শিশু এসডিওর অধীন নয় এমন পরিস্থিতিতে যৌন হয়রানির শিকার হয়, যেমন: বন্ধুর বাড়িতে বা গণ পরিবহনে তবে দয়া করে পুলিশের সাহায্যের জন্য যোগাযোগ করুন।

লিঙ্গ বৈষম্য অধ্যাদেশ (এসডিও) অনুযায়ী যৌন হয়রানি কী?

যৌন হয়রানি

প্রতিকূল/ভীতিকর পরিবেশ

- যৌন প্রকৃতির যে কোন অনাকাঙ্ক্ষিত আচরণ, যা একা কোনো ব্যক্তি বা অন্য ব্যক্তির সাথে একত্রিত হয়ে করা, যা প্রতিকূল/ভীতিকর পরিবেশ তৈরি করে

উদাহরণ



- যৌন হয়রানির উদাহরণগুলো শুধুমাত্র অন্তর্ভুক্ত উপকরণ প্রদর্শন, যৌন নিষেধাজ্ঞা, যৌনতা নিয়ে মজা করা, আদিরসাত্মক কথোপকথন এবং যৌন আপত্তিকর রসিকতা বা ক্রিয়াকলাপে সীমাবদ্ধ নয়

ব্যক্তির দ্বারা ব্যক্তির হয়রানি

- যৌন সুবিধা পাওয়ার জন্য কোন ব্যক্তির ইচ্ছার বিরুদ্ধে অগ্রিম যৌন অনুরোধ বা অন্যান্য কাজ যা যৌন প্রকৃতির অন্তর্ভুক্ত
- সমস্ত পরিস্থিতি বিবেচনা করে, যদি একজন যৌক্তিক ব্যক্তি মনে করেন যে উপরে বর্ণিত কাজ (গুলো) অন্য ব্যক্তি খারাপভাবে নেবে, অপমানিত হবে বা ভয় পাবে

উদাহরণ



- অবাঞ্ছিত শারীরিক যোগাযোগ:**

অবাঞ্ছিত আলিঙ্গন, চুম্বন, স্পর্শ, ধরা বা অন্য ব্যক্তির সাথে ইচ্ছাকৃতভাবে ঘষাঘষি করা



- যৌন মন্তব্য:**

যৌন কৌতুক, কারও দেহ বা আকৃতি নিয়ে ইঙ্গিতপূর্ণ যৌন মন্তব্য



- আপত্তিকর যোগাযোগ:**

বৈদ্যুতিক মাধ্যমে প্রেরিত সহ যৌন প্রকৃতির লিখিত বার্তা



- অন্যান্য অনুপযুক্ত আচরণ:**

তাকিয়ে থাকা, আড় চোখে দেখা বা যৌন অঙ্গভঙ্গি করা

No!

